বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

এফই সার্কুলার পত্র নং ৯

তারিখ : আষাঢ় ১৭, ১৪৩১ / জুলাই ০২, ২০২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products) রপ্তানিতে রপ্তানি ভর্তুকি প্রদান প্রসঙ্গে।


শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নম্বর ১২, তারিখ এপ্রিল ০৭, ২০১৬-এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২। এফই সার্কুলার নং ১২ তারিখ, এপ্রিল ০৭, ২০১৬ সংযুক্ত আবেদন ফরম (সংযোজনী-ক)-এর 'গ' অনুচ্ছেদে রপ্তানিকৃত পণ্য উৎপাদনে ব্যবহৃত পাটের সংগ্রহসূত্র ও অন্যান্য তথ্য প্রদানের বিষয় উল্লেখ রয়েছে। অপরদিকে উক্ত অনুচ্ছেদ সংশ্লিষ্ট বন্ধনিতে রপ্তানিতে ব্যবহৃত উপাদানকে উপকরণ হিসেবে উল্লেখ করা হয়েছে। এক্ষণে সরকারি সিদ্ধান্তক্রমে এ মর্মে স্পষ্ট করা যাচ্ছে যে, বৈচিত্রকৃত পাট পণ্য (Diversified Jute Products) রপ্তানিতে ভর্তুকি প্রদানে পাট আইন, ২০১৭ অনুসারে বৈচিত্রকৃত/ বহুমুখী পাটজাত পণ্য উৎপাদনে পাটের পাশাপাশি পাটজাত পণ্যও উপকরণ হিসেবে বিবেচিত হবে। এ প্রেক্ষিতে আলোচ্য স্পষ্টিকরণ অনুসারে উপরোল্লিখিত এফই সার্কুলার সংযুক্ত আবেদন ফরম (সংযোজনী-ক)-এর 'গ' অনুচ্ছেদে পাটের পাশাপাশি পাটজাত পণ্যও উপকরণ হিসেবে বিবেচিত হবে।

পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে ভর্তুকি পরিশোধ সংশ্লিষ্ট সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য পরামর্শ দেওয়া হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)
পরিচালক (এফইপিডি)
ফোন : ৯৫৩০১২৩